


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২৩ সূষ্ঠাভাবে বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর-ডিসেম্বর/২০২২) পরিবীক্ষণ এর নিমিত্ত পরিবীক্ষণ কমিটির সভাপতি পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে গত ২৯ ডিসেম্বর, ২০২২ তারিখ এক সভা অনুষ্ঠিত হয়। সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক মূল্যায়ন করা হয়। কমিটি কর্তৃক ২য় ত্রৈমাসিক প্রতিবেদন পর্যালোচনা করে নিম্নে উল্লেখিত সুপারিশ প্রদান করা হয়:

কার্যক্রমের ক্ষেত্র	মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩	২য় কোয়ার্টার এর অর্জন (অক্টোবর-ডিসেম্বর/২০২২)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	
প্রাতিষ্ঠানিক	১৪	[১.১] অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যারে (প্রযোজ্য ক্ষেত্রে) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	[১.১.১] অনিক ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যারে হালনাগাদকৃত/আপলোডকৃত	৪	১ (২৫%)	তথ্যসমূহ হালনাগাদ করা হয়েছে। যথাসময়ে তথ্য আপলোড করতে হবে।
		[১.২] নির্দিষ্ট সময়ে অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি	[১.২.১] অভিযোগ নিষ্পত্তিকৃত	৯০%	৮০%	অক্টোবর/২২-ডিসেম্বর/২২ পর্যন্ত মোট ৫০টি অভিযোগ পাওয়া যায়। তন্মধ্যে নিষ্পত্তি হয়েছে ৩৬টি, অন্য দপ্তরে প্রেরিত ৪টি, সময় অতিক্রম হয়নি ৪টি, সময় অতিক্রান্ত হয়েছে ৬টি। যথাসময়ে অভিযোগ নিষ্পত্তি করতে হবে এবং প্রতিবেদন প্রেরণ করতে হবে।
		[১.৩] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ	[১.৩.১] মাসিক প্রতিবেদন প্রেরিত	৯০%	১০০%	অক্টোবর/২২-ডিসেম্বর/২২ মাসের প্রতিবেদন সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। মাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে।
পরিবীক্ষণ ও সক্ষমতা অর্জন	১১	[২.১] ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[২.১.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	৪	১ (২৫%)	কমিটি কর্তৃক ত্রৈমাসিক প্রতিবেদন পর্যালোচনা করে সুপারিশমালা প্রণয়ন করা হয়েছে। প্রতিবেদনটি ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।
		[২.২] কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন	[২.২.১] প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজিত	২	--	অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের উপপরিচালক ও সহকারী পরিচালক মোট ৯৮ জনকে ০৬ ডিসেম্বর, ২০২২ তারিখ অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ে জুম অনলাইন প্ল্যাটফর্মে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী পরবর্তী প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার যথাসময়ে আয়োজন করতে হবে।
		[২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	[২.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত	২	----	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ২টি সভায় মধ্যে ১ম সভা গত ২০/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী পরবর্তী সভা যথাসময়ে আয়োজন করতে হবে।

প্রতিবেদনটি সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।



কাজী আবেদ হোসেন
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।